

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়



১৫, কলেজ রোড, ঢাকা-১০০০

নং-১০.০৩.০০০০.০০১.১১.০১২.১৬-১১২৪

তারিখ : ২৮.১২.২০২১ খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের নিম্নলিখিত শূন্যপদসমূহ পূরণার্থে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১।	অফিস সহায়ক	০২টি	৮,২৫০-২০,০১০/- (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

শর্তাবলী

- ১। “সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা” বরাবর আগামী ০৯.০১.২০২২ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। নির্দিষ্ট তারিখের পর প্রাপ্ত দরখাস্ত, অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল গণ্য হবে;
- ২। আবেদনকারীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৯.১২.২০১৪ খ্রিঃ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০০.০৮৯.১৪-০১ নং স্মারকে জারিকৃত চাকরির জন্য নির্ধারিত ফর্মে আবেদনপত্র নিজ হাতে পূরণ করে স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে। আবেদন ফর্মের নমুনা কমিশন সচিবালয়ের ওয়েবসাইট www.bjsc.gov.bd এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mopa.gov.bd তে পাওয়া যাবে;
- ৩। প্রার্থীর ছবি এবং পরীক্ষার ফি বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ব্যতীত অন্য কোন সনদ বা প্রমাণপত্রের অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য মূল সনদ বা প্রমাণপত্র ও এর ০১ সেট অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবিসহ সীল থাকতে হবে;
- ৪। ০৯.০১.২০২২ খ্রিঃ তারিখে দরখাস্তকারীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়;
- ৫। সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;
- ৬। দরখাস্তের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে ইস্যুকৃত “সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন” বরাবর ৫০/- (পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে;
- ৭। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় এ বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ৮। চাকরির প্রার্থীদের দরখাস্ত বিভাগীয় কর্তৃপক্ষের মাধ্যমে চাকরির বর্তমান পদ ও প্রতিষ্ঠানের নাম উল্লেখপূর্বক অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;
- ৯। খামের উপর পদের নাম, কোটার ক্ষেত্রে কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে;
- ১০। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;
- ১১। প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষের ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় আহ্বানের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
- ১২। বিধি মোতাবেক সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে;
- ১৩। পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ, বাতিল ও নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- ১৪। কোন প্রকার জালিয়াতি বা অসংগতি পরিলক্ষিত হলে আবেদনপত্র বাতিল করাসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।


২৮/১২/২০২১

(এ.জি.এম. আল মাসুদ)
উপসচিব

জি-৩২৩৬/১২/২১ (৭'X৪)

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়